গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৮০

## রাজশাহীতে বিশ্ব পর্যটন দিবস উদ্‌যাপিত

রাজশাহী; ১২ আশ্বিন, (২৭ সেপ্টেম্বর):

আজ ২৭ সেপ্টেম্বর (শনিবার) বিশ্ব পর্যটন দিবস। দিবসটির এবারের প্রতিপাদ্য– 'টেকসই উন্নয়নে পর্যটন'। প্রতিবারের মতো সারাদেশের ন্যায় রাজশাহীতেও যথাযোগ্য মর্যদায় দিবসটি উদযাপিত হয় ।

এ উপলক্ষ্যে সকাল নয়টায় জেলা প্রশাসক কার্যালয় চত্বরে দিবসটির উদ্বোধন করেন জেলা প্রশাসক আফিয়া আখতার। উদ্বোধন শেষে একই স্থান থেকে এক বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি নগরীর গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে পর্যটন মোটেল গিয়ে শেষ হয়।

অনুষ্ঠানে রাজশাহী পর্যটন মোটেলের ব্যবস্থাপক মো. মোতাহার হোসেন, জেলা তথ্য অফিসের উপপরিচালক নাফেয়ালা নাসরীনসহ বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষক-শিক্ষাথী এবং গণমাধ্যমকর্মী উপস্থিত ছিলেন।

.......................................................................
রুহুল/তৌহিদ/আতিক/২০২৫/১১:০০ ঘ.